

া ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন শব্দের অর্থ ও পরিভাষা রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

আবূ লাহাবের স্ত্রী – "হাম্মালাতুল হাতাব" (কাঠকুড়ানি বহনকারী নারী)

আবু লাহাবের স্ত্রী যখন সে শুনল যে মানুষ তাকে "হাম্মালাতুল হাতাব" বলে ডাকছে, তখন সে দ্রুত কাবার দিকে ছুটে গেল রাসূলুল্লাহ ্ঞি—কে খুঁজতে। আল্লাহ তাকে "হাম্মালাতুল হাতাব" বলেছেন, কারণ সে কাঠকুড়ানি সংগ্রহ করত, আর তা বহন করত তার প্রচণ্ড কৃপণতা, নীচতা এবং টাকার প্রতি প্রবল লোভের কারণে। সে যখন কাঠকুড়ানি সংগ্রহ করত, তখন কাঁটা ও কণ্টকও জড়ো করে রাখত, পরে তা রাসূলুল্লাহ ্ঞি—এর দরজার সামনে ছুঁড়ে ফেলত।

সে ছিল ফেতনা জ্বালানো, বাড়ি থেকে বাড়ি তা ছড়িয়ে দেওয়া এবং রাসূলুল্লাহ ্ৰি—কে কষ্ট দেওয়া ও তাঁর বিরুদ্ধে বাজে কথা বলার অভ্যন্ত। যখন সে এই আয়াতগুলো শুনল, তখন সে চরম রাগে কাবার দিকে দৌড় দিল। তার মুখে শুরু হলো বাজে চিৎকার-চেঁচামেচি, মুখ থেকে শুধু অশ্লীল কথাই বের হচ্ছিল। সে দৌড়ে আসছিল হাতে পাথর নিয়ে!!

তখন রাসূলুল্লাহ া কারে পাশে বসেছিলেন এবং তাঁর পাশে ছিলেন আবূ বকর সিদ্দীক রাদ্বিয়াল্লাহ আনহ। কিন্তু যখন সে রাসূলুল্লাহ া কিন্তু—এর কাছে পৌঁছাল, আল্লাহ তার দৃষ্টি রাসূলুল্লাহ া কিন্তু—এর দিক থেকে সরিয়ে দিলেন! ফলে সে তাঁকে দেখতে পেল না, বরং শুধু আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকেই দেখতে পেল।

তখন সে বলল:

"হে আবূ বকর! তোমার সেই সঙ্গী 'মুযাম্মাম' (অর্থাৎ নিন্দিত — তারা 'মুহাম্মাদ' ্ নাম বিকৃত করে 'মুযাম্মাম' বলত), সে কোথায়?"

(আল্লাহ রাসূলুল্লাহ 🏨 নকে তার হাত থেকে ও জিহ্বা থেকে রক্ষা করলেন।)

আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু অবাক হয়ে চুপ করে গেলেন, মনে করলেন সে নিশ্চয়ই রাসূলুল্লাহ ﷺ—কে দেখছে!

সে বলল:

"তোমার সঙ্গী কি আমাকে হেয় করছে? আমার নাম তো মক্কার বাচ্চাদের মুখে মুখে ঘুরছে! লাত ও উজ্জার কসম! আমি যদি তাকে পাই, তবে এই পাথর দিয়ে তার মাথা ফাটিয়ে দেব!"

কিন্তু রাসূলুল্লাহ 🌿 তার চোখের সামনে বসা থাকা সত্ত্বেও, সে তাঁকে দেখতে পেল না।

সে আরও বলল:

"আমার মতো একজন, আমি তো বনী আবদুশশামসের প্রধানের কন্যা! আমার বিরুদ্ধে কি এভাবে হেয়-কটুক্তি করা হবে?!"



আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু বললেন:

"তুমি কি আমার পাশে কাউকে দেখতে পাচ্ছো?"

সে বলল:

"তুমি কি আমাকে উপহাস করছো?! আমি তো তোমার কাছে কাউকে দেখছি না।" তারপর সে বলল:

"মুহাম্মাদকে বলো, আমি তাকে দেখলেই হেয় করবো যেমন সে আমাকে হেয় করছে।" তখন সে নিজের মুখে কবিতা আওড়ালো:

"মুযাম্মামকে আমরা অপছন্দ করি, তার ধর্মকে আমরা ঘৃণা করি, আর তার আদেশকে আমরা অমান্য করি।" তারপর সে ফিরে গেল।

আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ 🎉 –এর দিকে তাকিয়ে বললেন: "সে কি আপনাকে দেখতে পায়নি?!"

রাসূলুল্লাহ ৠৄৄৄর বললেন:

"না হে আবূ বকর, আল্লাহ তার দৃষ্টি আমার দিক থেকে সরিয়ে দিয়েছিলেন, তাই সে আমাকে দেখেনি। যখন সে কাছে এলো এবং দাঁড়াল, তখন জিবরীল এসে আমার ও তার মাঝখানে নিজের ডানা প্রসারিত করল। তুমি কি শোননি হে আবূ বকর, সে আমার নাম উল্লেখ করেনি! বরং 'মুযাম্মাম' বলেছে। অথচ আমি তো মুহাম্মাদ, মুযাম্মাম নই।"

এভাবেই আল্লাহ্ তাঁর রাসূল ্র্ট্রি—কে শত্রুদের হাত থেকে ও কথা থেকে রক্ষা করেছেন—কর্মে ও কথায়—তারা কখনোই রাসূলুল্লাহ ্র্ট্রি—এর ক্ষতি করতে পারেনি।

ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid035ScUCB6TA1gwbB5kF63pJErk5f6E6qLf9hFEdwntoVL9BugMF7mq1z7eGCRx3W8Gl

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15163

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন